গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৫ - জুন ৩০, ২০১৬

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........................................................................................ ৩

প্রস্তাবনা ........................................................................................................................................ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ................ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ....................................... ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ....................................... ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) .............................................................................................. ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ....................................... ১৪

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ............................... ১৬

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বিভিন্ন আইন, অধ্যাদেশ, বিধিমালা, প্রবিধানমালা ও আইনের ক্ষমতাসম্পন্ন অন্যান্য ইনস্ট্রুমেন্ট এবং জাতীয় ও আন্তর্জাতিক চুক্তি, কনভেনশন, ট্রিটি, ইত্যাদির খসড়া প্রণয়ন ও নিরীক্ষাসহ হালনাগাদকরণ, সংকলন ও প্রকাশনার কাজ নিয়মিতভাবে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক করা হচ্ছে। সর্বশেষ সংশোধনীসহ সংবিধানটি এ বিভাগ কর্তৃক ইতোমধ্যে প্রকাশ করা হয়েছে| তাছাড়া বাংলায় ও ইংরেজিতে প্রণীত সকল আইন, অধ্যাদেশ, বিধিমালা ইত্যাদির ভাষান্তরকরণের কাজ এ বিভাগ কর্তৃক করা হচ্ছে| তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের ওপর এ বিভাগ গুরুত্বারোপ করেছে। এ বিভাগের ওয়েবসাইটে ''ল'জ অব বাংলাদেশ'' শিরোনামে একটি ওয়েবসাইটের লিংক রয়েছে যার মাধ্যমে বাংলাদেশের প্রচলিত আইনসমূহ হালনাগাদ করা হচ্ছে। এ বিভাগের সহায়তায় সাম্প্রতিক বছরসমূহের প্রণীত আইন, অধ্যাদেশ , এস,আর, ও, চুক্তি এবং অনুদিত আইন/অধ্যাদেশ/ বিধিমালা/চুক্তিসমূহ নিম্নরূপ, যথা:

| ক্রমিক নম্বর | বিবরণ | ২০১২ সন | ২০১৩ সন | ২০১৪ সন |
|---|---|---|---|---|
| ০১. | আইন | ৪৯ টি | ৬৯ টি | ১৯ টি |
| ০২. | অধ্যাদেশ | ১০ টি | ০৬ টি | -- |
| ০৩. | এস,আর, ও | ৪১৬ টি | ৩৯২ টি | ২৯৮ টি |
| ০৪. | চুক্তি | ৯৪ টি | ১১৭ টি | ৭৯ টি |
| ০৫. | অনুদিত আইন/অধ্যাদেশ/ বিধিমালা/চুক্তি | ১৩ টি | ২০টি | ১৮টি |

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

রাষ্ট্রের আইনী কাঠামোর উন্নয়নকে ত্বরান্বিত করার নিমিত্ত সকল আইন, অধ্যাদেশ, বিধিমালা, প্রবিধানমালা ও আইনের ক্ষমতাসম্পন্ন অন্যান্য ইনস্ট্রুমেন্ট এবং জাতীয় ও আন্তর্জাতিক চুক্তি, কনভেনশন, ট্রিটি, ইত্যাদির খসড়া প্রণয়ন ও নিরীক্ষাসহ উহাদের হালনাগাদকরণ, সংকলন, ভাষান্তর ও প্রকাশনার লক্ষ্যে গৃহীত কার্যাদি বৈজ্ঞানিক পদ্ধতিতে বিন্যস্ত করে দক্ষতার সাথে নিরবচ্ছিন্নভাবে সম্পাদনের জন্য এ বিভাগের প্রশিক্ষিত জবলের অভাব, প্রয়োজনীয় সরঞ্জামাদির অভাব ইত্যাদি।

**ভবিষ্যৎ পরিকল্পনা**

রাষ্ট্রের আইনী কাঠামোর উন্নয়নকে ত্বরান্বিত করার নিমিত্ত সকল আইন, অধ্যাদেশ, বিধিমালা, প্রবিধানমালা ও আইনের ক্ষমতাসম্পন্ন অন্যান্য ইনস্ট্রুমেন্ট এবং জাতীয় ও আন্তর্জাতিক চুক্তি, কনভেনশন, ট্রিটি, ইত্যাদি প্রয়োজন ও বাস্তবতার নিরীখে নিরীক্ষণ, হালনাগাদকরণ, সংকলন, ভাষান্তর ও প্রকাশনার লক্ষ্যে গৃহীত কার্যাদি বিন্যস্ত করে দক্ষতার সাথে নিরবচ্ছিন্নভাবে সম্পাদন।

**২০১৫-১৬ অর্থ-বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**

- সকল প্রকার বিল, অধ্যাদেশ, সংবিধিবদ্ধ আদেশ, সাংবিধানিক আদেশ, এগ্রিমেন্ট, আন্তর্জাতিক চুক্তি, বিধি, প্রবিধি ইত্যাদি ৯৯% নিরীক্ষণ;
- সকল প্রকার বিল, অধ্যাদেশ, সংবিধিবদ্ধ আদেশ, সাংবিধানিক আদেশ, এগ্রিমেন্ট, আন্তর্জাতিক চুক্তি, বিধি, প্রবিধি ইত্যাদির ৯৯% খসড়া প্রণয়ন;
- সকল প্রকার বিল, সংবিধিবদ্ধ আদেশ, সাংবিধানিক আদেশ, এগ্রিমেন্ট, আন্তর্জাতিক চুক্তি, প্রবিধি, বিধি ইত্যাদির বিষয়ে ১৪ কার্য দিবসের মধ্যে মতামত প্রদান;
- ল'জ অব বাংলাদেশ ওয়েবসাইটে ৯৯% হালনাগাদকরণ;
- সকল বিধি ও প্রবিধি ৯৯% সংকলন ,হালনাগাদকরণ এবং প্রকাশনার উদ্যোগ গ্রহণ; এবং
- বাতিল কিংবা সংশোধনের আলোকে সংশ্লিষ্ট আইনসমূহ ৯৯% হালনাগাদকরণ।

## উপক্রমণিকা (Preamble)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৫ সালের সেপ্টেম্বর মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

আইনী ব্যবস্থায় জনগণের অভিগম্যতা (Access) এবং মানবাধিকার পরিস্থিতির উন্নয়ন।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

আইনী কাঠামোকে শক্তিশালী ও যুগোপযোগী করার মাধ্যমে আইনের শাসন প্রতিষ্ঠা এবং মানবাধিকার পরিস্থিতির উন্নয়নে সহায়তা করা ।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. সরকারের মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানকে পরামর্শ প্রদানের মাধ্যমে আইনী বিষয়সমূহ সুসংহতকরণ;
২. রাষ্ট্রের আইনী কাঠামোর উন্নয়ন;
৩. দেশে মানবাধিকার সংরক্ষণ ও উন্নয়ন;

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. আইন প্রণয়নের প্রস্তাব হতে উদ্ভূত সকল আইনী ও সাংবিধানিক প্রশ্নে এবং উক্ত প্রস্তাবের সাথে সম্পর্কিত আন্তর্জাতিক আইনসমূহের ব্যাখ্যার ক্ষেত্রে সকল মন্ত্রণালয়, বিভাগ ও দপ্তরকে পরামর্শ প্রদান;
২. সকল প্রকার বিল, অধ্যাদেশ, সাংবিধানিক আদেশ, সংবিধিবদ্ধ আদেশ, বিধি, প্রবিধি, উপ-আইন, রেজুলেশন, প্রজ্ঞাপন, আইনগত বাধ্যবাধকতা রয়েছে এরূপ প্রথা বা রীতি, আন্তর্জাতিক চুক্তি, এগ্রিমেন্ট, অঙ্গীকার, সমঝোতা স্মারক এবং অন্য যে কোন আইনগত দলিলের খসড়া প্রণয়ন, নিরীক্ষণ ও মতামত প্রদান;
৩. আন্তর্জাতিক ট্রিটি, কনভেনশন এবং আন্তর্জাতিক আইনগত বিষয়াদি সম্পর্কে মতামত প্রদান এবং ইত্যাদি হতে উদ্ভূত আন্তর্জাতিক সালিশের বিষয়াদি সম্পর্কে মতামত ও সুপারিশ প্রদান;
৪. আইন এবং অন্যান্য সংবিধিবদ্ধ বিধি ও আদেশের অনুবাদকরণ;
৫. সরকারের আইন প্রকাশনার গ্রন্থস্বত্ব এবং আইনের গ্রন্থস্বত্ব সংক্রান্ত প্রশাসনিক দায়িত্ব পালন;
৬. আইন, অধ্যাদেশ, সাংবিধানিক আদেশ, অন্যান্য সংবিধিবদ্ধ আদেশ, বিধি, প্রবিধি এবং অন্যান্য আইনগত দলিলের প্রকাশনা, সংকলন, একত্রীকরণ, অভিযোজন, প্রায়োগিক সংশোধন এবং নির্ভরযোগ্য অনুদিত পাঠ প্রকাশ;
৭. মানবাধিকার ও মানবাধিকার কমিশন সম্পর্কিত বিষয়াদি, ন্যায়পালের দপ্তর, আইন কমিশন এবং নির্বাচন কমিশন সংশ্লিষ্ট আইন-প্রণয়ন সম্পর্কিত সকল বিষয়ে সহায়তা প্রদান; এবং
৮. আইন সংস্কার সম্পর্কিত বিষয়াদিতে সহায়তা ও সমন্বয় করা।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা ২০১৫-২০১৬ | প্রক্ষেপণ ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| উন্নত আইনি কাঠামো | সকল প্রকার আইনি ডকুমেন্টস ভেটিংকৃত | % (শতকরা) | ৯৭ | ৯৭ | ৯৮ | ৯৯ | ৯৯ | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক প্রকাশিত বাৎসরিক পুস্তিকা |
| মানবাধিকার পরিস্থিতির উন্নতি | মানবাধিকার বিষয়ক অভিযোগ নিস্পত্তির লক্ষ্যে তদন্ত | %(শতকরা) | ৭০ | ৭০ | ৯৮ | ৯৯ | ৯৯ | জাতীয় মানবাধিকার কমিশন | জাতীয় মানবাধিকার কমিশন কর্তৃক প্রকাশিত প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [১] সরকারের মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানকে পরামর্শ প্রদানের মাধ্যমে আইনী বিষয়সমূহ সুসংহতকরণ; | ৩৮ | [১.১] সকল প্রকার বিল, অধ্যাদেশ, সংবিধিবদ্ধ আদেশ, সাংবিধানিক আদেশ নিরীক্ষণ, এগ্রিমেন্ট, আন্তর্জাতিক চুক্তি, বিধি, প্রবিধি ইত্যাদির নিরীক্ষণ। | [১.১.১] নিরীক্ষিত খসড়া | % | ১৪.০০ | ৯৮ | ৯৮ | ৯৯ | ৯৮ | ৯৫ | ৯০ | ৮৫ | ৯৮ | ৯৯ |
| | | | [১.১.২] নিরীক্ষিত খসড়া | % | ৯.০০ | ৯৮ | ৯৮ | ৯৯ | ৯৮ | ৯৫ | ৯০ | ৮৫ | ৯৮ | ৯৯ |
| | | [১.২] সকল প্রকার বিল, অধ্যাদেশ, সংবিধিবদ্ধ আদেশ, সাংবিধানিক আদেশ, এগ্রিমেন্ট, আন্তর্জাতিক চুক্তি, প্রবিধি, বিধি,ইত্যাদির খসড়া প্রণয়ন | [১.২.১] খসড়া প্রণীত | % | ৫.০০ | ৯৮ | ৯৮ | ৯৯ | ৯৮ | ৯৫ | ৯০ | ৮৫ | ৯৮ | ৯৯ |
| | | | [১.২.২] খসড়া প্রণীত | % | ৫.০০ | ৯৮ | ৯৮ | ৯৯ | ৯৮ | ৯৫ | ৯০ | ৮৫ | ৯৮ | ৯৯ |
| | | [১.৩] সকল প্রকার বিল, সংবিধিবদ্ধ আদেশ, সাংবিধানিক আদেশ, এগ্রিমেন্ট, আন্তর্জাতিক চুক্তি, প্রবিধি, বিধি,ইত্যাদির বিষয়ে মতামত প্রদান | [১.৩.১] গড় সময় | কার্যদিবস | ৫.০০ | ১৫ | ১৫ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১২ | ১১ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [২] রাষ্ট্রের আইনী কাঠামোর উন্নয়ন; | ৩০ | [২.১] ল'জ অব বাংলাদেশ ওয়েবসাইটে হালনাগাদকরণ | [২.১.১] হালনাগাদকৃত | % | ১৫.০০ | ৯৯ | ৯৮ | ৯৯ | ৯৭ | ৯৫ | ৯৩ | ৯১ | ৯৮ | ৯৯ |
| | | [২.২] সকল বিধি ও প্রবিধি সংকলন, হালনাগাদকরণ এবং প্রকাশ | [২.২.১] সংকলিত, হালনাগাদকৃত এবং প্রকাশিত | % | ৫.০০ | ৯৯ | ৯৮ | ৯৯ | ৯৭ | ৯৫ | ৯৩ | ৯১ | ৯৮ | ৯৯ |
| | | [২.৩] বাতিল কিংবা সংশোধনের আলোকে সংশ্লিষ্ট আইনসমূহ হালনাগাদকরণ | [২.৩.১] হালনাগাদকৃত আইন | % | ৫.০০ | ৯৯ | ৯৮ | ৯৯ | ৯৭ | ৯৫ | ৯৩ | ৯১ | ৯৮ | ৯৯ |
| | | [২.৪] যে সকল আইনের ধারা দ্রুত মামলা নিষ্পত্তিতে অন্তরায় হিসাবে কাজ করে তা পরীক্ষা-নিরীক্ষান্তে সংশোধন বা ক্ষেত্রমত নতুন আইন প্রণয়নে সুপারিশ করা | [২.৪.১] নতুন অথবা যুগোপযোগী আইন প্রণীত | % | ৫.০০ | ৯৯ | ৯৮ | ৯৯ | ৯৭ | ৯৫ | ৯৩ | ৯১ | ৯৮ | ৯৯ |
| [৩] দেশে মানবাধিকার সংরক্ষণ ও উন্নয়ন; | ১৫ | [৩.১] মানবাধিকার বিষয়ক অভিযোগ তদন্ত ও নিষ্পত্তি | [৩.১.১] মানবাধিকার বিষয়ক অভিযোগ নিষ্পত্তি | % | ৮.০০ | ৭০ | ৮০ | ৮৫ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৮৫ | ৯০ |
| | | [৩.২] মানবাধিকার বিষয়ে প্রচার ও প্রকাশনা এবং উহা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ | [৩.২.১] মানবাধিকার সম্পর্কে প্রচার ও প্রকাশনা | % | ৭.০০ | ৭০ | ৮০ | ৮৫ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৮৫ | ৯০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৫ | [১.১] খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] প্রশিক্ষণ সমাপ্তির পর নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | দিন | ১.০০ | | | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | | |
| | | [১.২] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৮-২০১৫ | ০১-০৯-২০১৫ | ০২-০৯-২০১৫ | ০৩-০৯-২০১৫ | ০৪-০৯-২০১৫ | | |
| | | [১.৩] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] দাখিলকৃত অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | | | | |
| | | [১.৪] আওতাধীন সংস্থার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর | [১.৪.১] সমঝোতা স্মারক স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৫ | ১৯-১০-২০১৫ | ২২-১০-২০১৫ | ২৬-১০-২০১৫ | ২৯-১০-২০১৫ | | |
| | | [১.৫] বার্ষিক কর্মসম্পাদন-এর সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৫.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [২] উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] পরিবর্তিত ফরম্যাটে সিটিজেন্স চার্টার প্রণয়ন | [২.১.১] পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগের সিটিজেন্স চার্টার ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | | [২.১.২] অধিদপ্তর/সংস্থার সিটিজেন্স চার্টার প্রণীত ও প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | [২.২] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.২.১] নিস্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগে কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগে কমপক্ষে একটি করে সেবা প্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.১.১] শুদ্ধাচার বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো (monitoring framework) প্রণীত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [৩.১.২] জুন/২০১৬ এর মধ্যে শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়িত কার্যক্রম | % | ১.০০ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.২] কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | [৩.২.১] প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৪] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | [৪.১] তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়ন | [৪.১.১] তথ্য প্রকাশ নির্দেশিকা ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | [৪.২] আওতাধীন দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | [৪.২.১] আওতাধীন সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানার সঙ্কলন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | [৪.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | [৪.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ১৫-১০-২০১৫ | ২৯-১০-২০১৫ | ১৫-১১-২০১৫ | ৩০-১১-২০১৫ | ১৫-১২-২০১৫ | | |
| [৫] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | [৫.১] বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিধি যথাযথভাবে অনুসরণ | [৫.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | | |
| | | [৫.২] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৫.২.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.১] সকল প্রকার বিল, অধ্যাদেশ, সংবিধিবদ্ধ আদেশ, সাংবিধানিক আদেশ নিরীক্ষণ, এগ্রিমেন্ট, আন্তর্জাতিক চুক্তি, বিধি, প্রবিধি ইত্যাদির নিরীক্ষণ। | [১.১.১] নিরীক্ষিত খসড়া | সকল প্রকার বিল, অধ্যাদেশ, সংবিধিবদ্ধ আদেশ, সাংবিধানিক আদেশ, প্রবিধি, বিধি, নিরীক্ষা | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক প্রকাশিত বাৎসরিক সংকলন বই | |
| | [১.১.২] নিরীক্ষিত খসড়া | এগ্রিমেন্ট, আন্তর্জাতিক চুক্তি, নিরীক্ষা | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক প্রকাশিত বাৎসরিক সংকলন বই | |
| [১.২] সকল প্রকার বিল, অধ্যাদেশ, সংবিধিবদ্ধ আদেশ, সাংবিধানিক আদেশ, এগ্রিমেন্ট, আন্তর্জাতিক চুক্তি, প্রবিধি, বিধি,ইত্যাদির খসড়া প্রণয়ন | [১.২.১] খসড়া প্রণীত | সকল প্রকার বিল, অধ্যাদেশ, সংবিধিবদ্ধ আদেশ, সাংবিধানিক আদেশ, প্রবিধি, বিধি, ইত্যাদির খসড়া প্রণয়ন | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক প্রকাশিত বাৎসরিক সংকলন বই | |
| | [১.২.২] খসড়া প্রণীত | সকল প্রকার এগ্রিমেন্ট, আন্তর্জাতিক চুক্তি ইত্যাদির খসড়া প্রণয়ন | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক প্রকাশিত বাৎসরিক সংকলন বই | |
| [১.৩] সকল প্রকার বিল, সংবিধিবদ্ধ আদেশ, সাংবিধানিক আদেশ, এগ্রিমেন্ট, আন্তর্জাতিক চুক্তি, প্রবিধি, বিধি,ইত্যাদির বিষয়ে মতামত প্রদান | [১.৩.১] গড় সময় | সকল প্রকার বিল, অধ্যাদেশ, সংবিধিবদ্ধ আদেশ, সাংবিধানিক আদেশ, এগ্রিমেন্ট, আন্তর্জাতিক চুক্তি, প্রবিধি, বিধি,ইত্যাদির বিষয়ে মতামত প্রদান | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক প্রকাশিত বাৎসরিক সংকলন বই | |
| [২.১] ল'জ অব বাংলাদেশ ওয়েবসাইটে হালনাগাদকরণ | [২.১.১] হালনাগাদকৃত | আইন, অধ্যাদেশ, বিধি, প্রবিধি ইত্যাদি প্রণয়নের উদ্যোগ গ্রহণ | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক প্রকাশিত বাৎসরিক সংকলন বই | |
| [২.২] সকল বিধি ও প্রবিধি সংকলন, হালনাগাদকরণ এবং প্রকাশ | [২.২.১] সংকলিত, হালনাগাদকৃত এবং প্রকাশিত | সকল আইন,বিধি ও প্রবিধি সংকলন, হালনাগাদকরণ এবং প্রকাশের উদ্যোগ গ্রহণ | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক প্রকাশিত বাৎসরিক সংকলন বই | |
| [২.৩] বাতিল কিংবা সংশোধনের আলোকে সংশ্লিষ্ট আইনসমূহ হালনাগাদকরণ | [২.৩.১] হালনাগাদকৃত আইন | সকল আইন, বিধি ও প্রবিধি হালনাগাদকরণ | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক প্রকাশিত বাৎসরিক সংকলন বই | |
| [২.৪] যে সকল আইনের ধারা দ্রুত মামলা নিষ্পত্তিতে অন্তরায় হিসাবে কাজ করে তা পরীক্ষা-নিরীক্ষান্তে সংশোধন বা ক্ষেত্রমত নতুন আইন প্রণয়নে সুপারিশ করা | [২.৪.১] নতুন অথবা যুগোপযোগী আইন প্রণীত | যে সকল আইনের ধারা দ্রুত মামলা নিষ্পত্তিতে অন্তরায় হিসেবে কাজ করে তা পরীক্ষা-নিরীক্ষান্তে সংশোধন বা ক্ষেত্রমত নতুন আইন প্রণয়নে সুপারিশ করা | আইন কমিশন | আইন কমিশন কর্তৃক প্রকাশিত বাৎসরিক প্রতিবেদন | |
| [৩.১] মানবাধিকার বিষয়ক অভিযোগ তদন্ত ও নিষ্পত্তি | [৩.১.১] মানবাধিকার বিষয়ক অভিযোগ নিষ্পত্তি | অভিযোগ তদন্ত ও নিষ্পত্তি | জাতীয় মানবাধিকার কমিশন | জাতীয় মানবাধিকার কমিশন কর্তৃক প্রকাশিত বাৎসরিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [৩.২] মানবাধিকার বিষয়ে প্রচার ও প্রকাশনা এবং উহা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ | [৩.২.১] মানবাধিকার সম্পর্কে প্রচার ও প্রকাশনা | মানবাধিকার শিক্ষার প্রচার এবং প্রকাশনা ও মানবাধিকার সংরক্ষণ সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ | জাতীয় মানবাধিকার কমিশন | জাতীয় মানবাধিকার কমিশন কর্তৃক প্রকাশিত বাৎসরিক প্রতিবেদন | |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| অন্যান্য | বিজি প্রেস | সংকলিত, হালনাগাদকৃত এবং প্রকাশিত | যথাসময়ে ছাপানোর কাজ সম্পাদন করা | ইংরেজীতে আইন, বা বাংলায় প্রণীত সকল বিধি ও প্রবিধি প্রকাশিত হলে রাষ্ট্রের আইনি কাঠামোর উন্নয়ন হবে | ৫০% | রাষ্ট্রের আইনি কাঠামোর উন্নয়ন ব্যহত হবে। |